# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আশরাফ উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার তারিখ | : ২৯.০২.২০২৪ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১২.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের জন্য এডিপি'র তালিকা পাওয়া গেছে। প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। দ্রুত সময়ের মধ্যে দরপত্র আহ্বান করা হবে। প্রাপ্ত তালিকা পরিশিষ্ট "ক" তে অন্তর্ভুক্ত। অন্যান্য কাজ স্বাভাবিক। | ১। বিধি মোতাবেক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা(ভার:) সভায় জানান যে, গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গত ফেব্রুয়ারি/২০২৪খ্রি. মাসে আউটডোরে ১৬২৩০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে, ইমার্জেন্সীতে ২৯৫৬ জন রোগীকে ইমার্জেন্সী সার্ভিস দেওয়া হয়েছে এবং ইনডোরে ৯৩৪ জন রোগী ভর্তি ছিলেন। রোগীর সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক উন্নত চিকিৎসা সেবার স্বার্থে ১৫৭ জন রোগীকে রেফার করা হয়েছে।গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে ৫৯৬ জন রোগীকে যা থেকে ইউজার ফি আদায় হয়েছে ৩৮১৮০ টাকা, আল্টাসনোগ্রামে ৩৩৩ জন রোগীকে সেবা দেওয়া হয়েছে যা থেকে ইউজার ফি আদায় হয়েছে ৪৩৩৪০ টাকা, এভাবে বিভাগে সেবা প্রদান করা হয়েছে ৩৪৮ জন রোগীকে যা থেকে ইউজার ফি আদায় হয়েছে ২৩৬৫০ টাকা, ইসিজি সেবা প্রদান করা হয়েছে ১৬৪ জন রোগীকে যা থেকে ইউজার ফি আদায় হয়েছে ১৩১২০ টাকা। গত ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আইএমসিআই বিভাগে ১১৬০ জন শিশু রোগীকে সেবা প্রদান করা হয়েছে । গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের ৫৩টি কমিউনিটি ক্লিনিকে ২১৭৯৫ জন সাধারন রোগীকে সেবা প্রদান করা হয়েছে এবং ১৪৮৫ জন শিশু রোগীকে সেবা প্রদান করা হয়েছে। কমিউনিটি ক্লিনিক থেকে প্রসবপূর্ব, প্রসবোত্তর এবং পরিবার পরিকল্পনামিলিয়ে সেবা প্রদান করা হয়েছে ১০৩৫ জনকে। গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ফেব্রুয়ারি/২৪ইং মাসে ০৩টি সিজারিয়ান অপারেশন সম্পন্ন করা হয়েছে এবং ৫৯ জন রোগী নরমাল ডেলিভারী সেবা পেয়েছেন। প্রাতিষ্ঠানিক ডেলিভারির উপর গুরুত্ব প্রদান করার কারনে বর্তমানে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নরমাল ডেলিভারী এবং সিজারিয়ান অপারেশন বৃদ্ধি পেয়েছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের সামনের রাস্তা উচু করণপূর্বক মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বিষয়টি রেজুলেশনে লেখার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হইল। বর্ষাকালে বৃষ্টির পানিতে রোগী এবং জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটে। সীমিত সাধ্যের মধ্যে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের রোগীদের সার্বিক সেবা দানের জন্য আমরা সর্বদা অঙ্গীকারবদ্ধ।। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। দালাল এবং ব্যক্তিমালিকানাধীন যানবাহন হাসপাতালের ভিতরে প্রবেশ বন্ধ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রিড-২৫০০ হেক্টর,উফশী ১৮৪৮৫ হেক্টর ও স্থানীয় ১৫ হেক্টর মোট ২১০০০ হেক্টর। হাইব্রিড-২২৯০হেক্টর,উফশী-১৮৭০০ হেক্টর ও স্থানীয়-১৫ হেক্টর আবাদ হয়েছে। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি যাচাইকরত: উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগন রোস্টার ভিত্তিক সার্বক্ষনিক মনিটরিং করে যাচ্ছেন। গত জানুয়ারি/২০২৪ মাসের তুলনায় তুলানায় ফেব্রুয়ারি/২০২৪খ্রি: রাসায়নিক সারের মজুদ ইউরিয়া-১১৫৫ মে:টন,টিএসপি-২৬০,ডিএপি-৮৩৮ ও এমওপি-৬৯০ মে:টন। কোথাও কোন সারের সংকট নেই। সারের সংকট রয়েছে বলে যেন কেও গুজব ছড়াতে না পারে সকলের সহযোগিতা কামনা করছি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে।<br>২। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর/কাবিটা/কাবিখা ১ম পর্যায়ের কাজ চলমান এবং ২য় পর্যায়ের প্রকল্প যাচাইয়ের কাজ চলমান। দুটি গার্ডার ব্রীজের অনুমোদন পাওয়া গেছে, একটির পাইলিংয়ের কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কাজের গুনগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, অত্র দপ্তরের আওতায় " গৃহ ভিত্তিক প্রাণিসম্পদ তথ্য সংগ্রহ অভিযান-২০১৪" আগামী ২০ ফেব্রুয়ারী থেকে ২১ মার্চ পর্যন্ত চলমান থাকবে। চলতি মাসে অত্র দপ্তরের ৮৩৫টি কৃত্রিম প্রজনন করা হয়েছে পরবর্তী সময়ে উক্ত কার্যক্রম চলমান । ১৩- টি খামার পরিদর্শন করা হয়েছে পরবর্তী সময়ে উক্ত | ১। টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |

CS CamScanner

<table>
<tr><td></td><td>কার্যক্রম চলমান থাকবে। ১৪৮৯ হাজার গরু/ছাগল ও ২৬৫০০ হাজার হাঁস/ মুরগির ভ্যাকসিন করা হয় পরবর্তী সময়ে উক্ত কার্যক্রম চলমান থাকবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য সম্প্রসারণ কাজ চলমান রয়েছে ।</td><td></td><td></td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২০২৩ -২০২৪ অর্থ বছরে অত্র দপ্তর হতে রাজস্ব খাতের আওতায় সালটিয়া ইউনিয়নে ০১ টি প্রদর্শনী খামার বাস্তবায়ন করা হয়েছে ।</td><td>মৎস্যচাষীদের সাথে নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, লোডশেডিং কমিয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহকরণ অব্যাহত রয়েছে। বকেয়া সংযোগ বিচ্ছিন্নকরণ ও বকেয়া আদায়করণ চলমান রয়েছে। অবৈধ লাইন সনাক্তকরণ ও সিস্টেম লস কমানো হচ্ছে। লোড শেডিং পুর্বাভাস প্রদান করা হচ্ছে। মসজিদ, মাদ্রাসাকে প্রিপেইড মিটারিং এর আওতায় আনা হচ্ছে। সর্বোপরি জনগণকে জটিলতামুক্তভাবে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষে বিদ্যুৎ বিভাগ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। বিদ্যুৎ লাইনের উপরে গাছের ডালপালা কর্তনের কাজ চলছে। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।<br>২। লোডশেডিং এর বিষয়ে অবহিত করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, এস এসসি/ দাখিল/ ভোকেশনাল পরীক্ষার সুষ্ট ভাবে সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে বিজয়ীদের তালিকা জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহে প্রেরণ করা হয়েছে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকদের কারিকুলাম বিষয়ক প্রশিক্ষণ ২৭.০৩.২০২৪ খ্রি. তারিখ থেকে শুরু হয়েছে। ইতিমধ্যে ৮২ জন প্রধান শিক্ষককে ল্যাবরেটরি উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহে প্রেরণ করা হয়েছে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ সকল শিক্ষা প্রতিষ্ঠানে উদ্‌যাপন করা হয়েছে।এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে, সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্য পাঠ্যপুস্তক বিতরণ এর পরিবহন ব্যায় বিল পরিশোধ করা হয়েছে । ২৩৮ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক শ্রেণির শিখন শেখানো বিল প্রদান করা হয়েছে। ১০ জন শিক্ষকের পি.আর.এল ও পেনশন মঞ্জুরী সংক্রান্ত। ০৮ জন শিক্ষকের পেনশন বিল প্রদান করা হয়েছে। আন্ত: প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার ব্যায় বিল পরিশোধ করা হয়েছে। স্লিপের ব্যায় বিল আংশিক পরিশোধ করা হয়েছে।</td><td>১। শিক্ষকদের নিয়মিত ক্লাশে উপস্থিত নিশ্চিত করতে হবে।<br>২। সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং করতে হবে।<br>৩। বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা সমাজসেবা বিভাগঃ সভায় জানান যে, গফরগাঁও উপজেলায় শতভাগ ভাতার আওতায় মোট ১৬৭৫৬টি আবেদন জমা হয়েছে, বরাদ্দ আসা সাপেক্ষে ভাতার কাজ শুরু করা হবে, তাছাড়া সকল ইউনিয়নের ভাতার লাইভ ভেরিফিকেশন সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। এখন যাচাই বাছাই কাজ চলছে। তিনি আরও বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কিস্তির পেরোল দেওয়া হয়েছে। কাউকে ভাতার পিন নাম্বার ও মোবাইল নাম্বার না দেওয়ার জন্য অনুরোধ করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সকল ভাতা কার্যক্রম মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td rowspan="2">১২</td><td>বিআরডিবিঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি/দল গঠন: পুরুষ=৫১৪ টি, মহিলা=৯২ টি, মোট=৬০৬ টি। সদস্য সংখ্যা: পুরুষ=২৩৮২৩ জন, মহিলা=২৪৩২ জন, মোট= ২৬২৫৫ জন। শেয়ার আদায়: পুরুষ=৩১.১৯ লক্ষ টাকা, মহিলা=৬.২৪ লক্ষ টাকা, মোট= ৩৭.৪৩ লক্ষ টাকা । সঞ্চয় আদায়: পুরুষ=৬৫.০৯ লক্ষ টাকা, মহিলা=১৮.৬৬ লক্ষ টাকা, মোট=৮৩.৭৫ লক্ষ টাকা । মোট ঋণ তহবিল প্রাপ্তি=১০৪০.৪৩ লক্ষ টাকা। ঋণ বিতরণ: পুরুষ=১০২৯.০২ লক্ষ টাকা, মহিলা=৩৮১.২৯ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ = ১৪১০.৩১ লক্ষ টাকা । ক্রমপুঞ্জিত ঋণ আদায়: পুরুষ=৮৬২.১৪ লক্ষ টাকা, মহিলা=৩২১.২২ লক্ষ টাকা, মোট=১১৮৩.৩৬ লক্ষ টাকা। মূল কর্মসূচী (ইউসিসিএ) ব্যতীত মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ), আবর্তক, সদাবিক, পল্লী প্রগতি ও বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচীর সাংগঠনিক এবং ঋণ কার্যক্রম চলমান আছে। পল্লী উদ্যোক্তা ঋণ =৪৩.৭৫ লক্ষ টাকা বিতরণ করা হয় এবং জানুয়ারী/২৪ পর্যন্ত আদায়=২৫.৮৬ লক্ষ টাকা, আদায়ের হার ১০০%। ইহা ছাড়াও পিআরডিপি-৩ প্রকল্পের মাধ্যমে উপজেলার ০৫ টি ইউনিয়নে ৪৮টি ভিডিসি গঠন, ৪৪৬টি ভিডিসিএম অনুষ্ঠান, ১৭৩টি ইউসিসিএম অনুষ্ঠান, ৭৭টি ব্যাচ (এফপিটিটি) প্রশিক্ষণ অনুষ্ঠান ও ১০২টি ভিডিসি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। বিআরডিবি'র নির্মিত ০৩ টি জোড়াবাড়ির বকেয়াসহ বাসা ভাড়া ও গ্যাস বিল আগামী ৩১/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>০২। পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ): উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।
<table>
<tr><th rowspan="2">বিবরন</th><th colspan="3">অর্থ বছর</th><th colspan="3">ক্রমবর্ধিত</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th><th>হার</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th><th>হার</th></tr>
<tr><td>সমিতি গঠন</td><td>২৯</td><td>০</td><td>০</td><td>১০৩</td><td>১০৩</td><td>১০০%</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>৮৬০</td><td>৯০</td><td>১০%</td><td>২৫০০</td><td>২০৯৫</td><td>৮৪%</td></tr>
<tr><td>শেয়ার আদায়</td><td>১.৮০</td><td>০</td><td>০</td><td>৩৫.০৮</td><td>৮.৩৬</td><td>২৪%</td></tr>
<tr><td>সঞ্চয় আদায়</td><td>৩৫.৫০</td><td>৪.৮১</td><td>২০%</td><td>৭০.১৮</td><td>৪৫.৮৪</td><td>৬৫%</td></tr>
</table></td><td>২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)</td></tr>
</table>

CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ঋণ বিতরন | ১৭০.০০ | ৬০.৫০ | ৩৫% | ৭০৩.২৯ | ৬৭৭.০৯ | ৯৬% |
| ঋণ আদায় | ৬১.২৬ | ১০.৩২ | ১৭% | ৬৫৭.৫২ | ৫১৯.৫৭ | ৭৯% |
| খেলাপী | ০ | ০ | ০ | ০ | ১৩৭.৯৫ | ০ |

উল্লেখ্য যে,ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন সমিতি গঠন ও সদস্য নির্বাচনের ক্ষেত্রে প্রকল্পের নীতিমালা অনুযায়ী কাজ করা হচ্ছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।

---

১৩

আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক): উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে।

| ক্র. নং | সংখ্যা | মোট |
|---|---|---|
| ০১ | সমিতির সংখ্যা | ৪০৬ টি |
| ০২ | সদস্য সংখ্যা | ১৮,৮৩২ জন |
| ০৩ | মাসের সঞ্চয় আদায় | ৩.১০(লক্ষ টাকা ) |
| ০৪ | বছরে সঞ্চয় আদায় | ৩০.৫০ (লক্ষ টাকা ) |
| ০৫ | মাসের ঋণ আদায় | ৯৮.০০ (লক্ষ টাকা ) |
| ০৬ | বছরে ঋণ আদায় | ৫৯৮.৩ (লক্ষ টাকা ) |
| ০৭ | মাসের ঋণ বিতরণ | ১০১.৯০(লক্ষ টাকা ) |
| ০৮ | বছরে ঋণ বিতরণ | ৬০১.১৫(লক্ষ টাকা ) |

অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত: ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার

---

১৪

উপজেলা মহিলা বিষয়ক দপ্তর: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গফরগাঁও উপজেলার ১৫টি ইউনিয়নের ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের ২০২৩-২৪ অর্থ বছরে ফেব্রুয়ারি/২০২৪খ্রি.মাস পর্যন্ত ২৫০২ জন উপকারভোগীদের মাঝে পুষ্টিচাল বিতরণ সম্পন্ন হয়েছে। মার্চ/২০২৪ খ্রি. মাসের পুষ্টিচাল সরবরাহের জন্য অত্র উপজেলার ১৫টি ইউনিয়ন পরিষদে পৌছে দেয়ার জন্য মেসার্স নান্দাইল পুষ্টি মিশ্রণ মিল বরাবর ডিও প্রদান করা হয়েছে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে চাল বিতরন নিশ্চিত করবেন। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউনিয়নে মাসে ৬ টি করে অনলাইন আবেদন মাসের ২০ তারিখের মধ্যে সম্পন্ন করে অত্র কার্যালয়ে হার্ড কপি ও সফট কপি জমা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলেও দেখা যায় যে, জুলাই/২৩-মার্চ/২৪ পর্যন্ত (১) বারবাড়ীয়া, (২) টাংগাব ২টি ইউনিয়ন হতে একটিও অনলাইন আবেদন পাওয়া যায়নি। নিগুয়ারী, যশরা, রসুলপুর, মশাখালী, পাঁচবাগ ইউনিয়ন হতে আংশিক অনলাইন আবেদন পাওয়া গেছে বাকী ৮টি ইউনিয়নের অনলাইন আবেদন পাওয়া গেছে। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে নিম্নস্বাক্ষরকারী কোন প্রকার দায়ভার গ্রহণ করবেনা। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আবেদন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত: ভিজিডি কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)

---

১৫

উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ফেব্রুয়ারী/২০২৪ ইং মাসে অত্র উপজেলায় টিসিবি খাতে ও এম এস ৮১.৬৫০ মে:টন । কাবিখা গম ৩৯.৩০০ মে:টন ও চাল ৩৯.৩০০ মে:টন। ফায়ার সার্ভিস চাল ৭৩২ কেজি গম ৬৩৯ কেজি ও জি আর ২.০০০মে:টন। ভিজিডি খাতে ১৫০.১২০ মে: টন। বর্তমানে গুদামে মজুদ আছে চাল ৭৮২.৫৩২ মে: টন ও গম ৪৪.৫৫৩ মে:টন। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত: চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও

---

১৬

উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরীদের সার্বিক পরিস্থিতি উন্নয়ন রক্ষায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান যে, ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র গুলোতে গর্ভবতী মায়ের সেবা ও ডেলিভারীর জন্য কক্ষগুলো মেরামত এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে একটি সাধারণ মানের অপারেশন থিয়েটার করার জন্য অনুরোধ জানান। ডিসেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন। সক্ষম দম্পত্তি ৯০১০৩ গ্রহণকারী ৬৯৭৮৪ সিএআর ৭৭.৪৫ %

| বিভিন্ন পদ্ধতির নাম | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
|---|---|---|---|
| স্থায়ী পদ্ধতি (পুরুষ) | ১৫ | ০ | ০ |
| স্থায়ী পদ্ধতি (মহিলা) | ১৫ | ০ | ০ |
| আইইউডি | ৪৫ | ৩৪ | ৭৫.৫৫% |
| ইমপ্ল্যান্ট | ৯৭ | ৭৬ | ৭৮.৩৫% |
| ইনজেক্টেবল | ১৬৮৪০ | ১০৬৪২ | ৬৩.১৯% |
| খাবারবড়ি | ৩৪৫৬৬ | ৩৮৫৩৫ | ১১১.৪৮% |
| কনডম | ৬২০২ | ৫৯৯৫ | ৯৬.৬৬% |

মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত:
১। নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে।
২। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার

| | | | |
|---|---|---|---|
| ১৭ | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, গফরগাঁও উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের মধ্যে সমবায় সমিতি গুলো ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক অডিট জুলাই/২৩ খ্রি. মাসের অডিট কার্যক্রম শুরু হয়েছে। আমরা অডিট অফিসারগণ বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী জুলাই/২৩ খ্রি. মাসে অডিট কার্যক্রম শুরু করেছি। অডিটযোগ্য সমবায় সমবায় সমিতির সংখ্যা -৭০টি। তাছাড়াও সমবায় সমিতিগুলো নিয়মিতভাবে তদন্ত, পরিদর্শন ও তদারকী কার্যক্রম অব্যাহত আছে। সমবায় সমিতিগুলোর ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ও নিবন্ধন কার্যক্রম অব্যাহত আছে। গত বছরে ০৫ টি ইউনিটে ১২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে সমতবায় পুরষ্কারের জন্য অত্র উপজেলা হতে ০৬ টি শ্রেষ্ঠ সমিতির তালিকা প্রেরণ হয়েছে। সরকারী রাজস্ব ১০০% আদায় করে সরকারী কোষাগারে প্রেরণ করা হয়েছে। যার কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ০৭ টি আশ্রয়ণ-২ প্রকল্পের মধ্যে ১. আশ্রয়ণ-২ প্রকল্প-১ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২০৯০০০০/-(বিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৯৯৩৬৪/- (এগারো লক্ষ নিরানব্বই হাজার তিনশত চৌষট্টি টাকা মাত্র)। সার্ভিস চার্জ= ৮৯৫৭৬/- (উনানব্বই হাজার পাঁচশত ছিয়াত্তর টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২৬৩৯৫/- (ছাব্বিশ হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে। ২ আশ্রয়ণ-২ প্রকল্প-২ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২১১০০০০/- (একুশ লক্ষ দশ হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১০০৫৬৬/- (এগারো লক্ষ পাঁচশত ছেষট্টি টাকা মাত্র)। সারচার্জ= ৮২৭২৪/- (বিরাশি হাজার সাতশত ছব্বিশ টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২৪৬০৮/- (চব্বিশ হাজার ছয়শত আট টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে। ৩. রোস্তম আলী আশ্রয়ণ প্রকল্প সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ৪৯২০০০/- (চার লক্ষ বিরা নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ৭৯৭৭৯/-(উনাশি হাজার সাতশত উনাশি টাকা মাত্র)। সারচার্জ= ৬০২০/-( ছয় হাজার বিশ টাকা মাত্র)। । ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১৭৯৯/- (এক হাজার সাতশত নিরানব্বিই টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে। | ০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের অওতায় ২০২৩-২৪ অর্থ বছরের কাজ চলমান। ৪৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কার্যক্রম চলমান। এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ, আত্মকর্মসংস্থান (রাজস্ব)নেই, পারিবারিক ঋণ বিতরণ নেই, ঋণ আদায় ১০০%। ঋণের রাজস্ব ও পরিবারের সংখ্যা নেই। বায়ুগ্যাস স্থাপন (প্রকল্প) নেই। প্রশিক্ষণ রাজস্ব- ০৩টি ব্যাচে ৯০জন। জনসচেতনমূলক প্রশিক্ষণ নেই। আত্মকর্মীর সংখ্যা পুরুষ ০৪ জন ও মহিলা সংখ্যা ৮ জন। যৌতুক বিরোধী কার্যক্রম ০৭ জন। কর্মরত জনবল ০৬ জন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। ঋণ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>২। প্রশিক্ষণ দ্রুত শুরু করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২০ | উপজেলা পরিসংখ্যান বিভাগ: উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিসংখ্যান অফিস গফরগাঁও, ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম চলমান আছে। কৃষক তালিকা হালনাগাদ করা হচ্ছে। মাসিক স্থায়ী অস্থায়ী ফসলের রিপোর্ট প্রেরন করা হয়েছে । এছাড়া অফিসের সকল নিয়মিত কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | সকল কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২১ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন: উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন গফরগাঁও কার্যালয় পল্লীর অসুবিধাগ্রস্থ দরিদ্র্য জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে । অত্র কার্যালয়ে ৯৬টি সমিতিতে মোট ৪১৩৭ জন সদস্য আছে। বিগত ২০২৩-২০২৪ অর্থ বছরে ফেব্রুয়ারী/২৪ পর্যন্ত ৭২৮ জন সদস্যের মাঝে সর্বমোট ৪৮৯.৫(চার কোটি উননব্বই লক্ষ পঞ্চাশ হাজার টাকা ঋণ বিতরন করা হয়েছে ।আদায়ের হার ৯৮%,বিভিন্ন সঞ্চয় স্থিতি ৪৩৪.০৯ (লক্ষ)টাকা,সয়ম্ভরতার হার ১৬৬% । কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। লক্ষমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম শত ভাগ অর্জিত হয়ে | ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | উপজেলা আনসার ও ভিডিপি: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা শান্তি, শৃংখলা উন্নয়ন ও নিবারপত্তায় কাজ করে যাচ্ছে। উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভিডিপি সদস্যদের বছর ব্যাপি বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে। তার অংশ হিসেবে এই অর্থবছরে জেলা ভিত্তিক ২১ দিন ব্যপি অস্ত্র সহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে গফরগাঁও উপজেলা হতে ৯৫ জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে।<br>২। প্রশিক্ষন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২৩ | পল্লী বিদ্যুৎ বিভাগ: ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিকভাবে চেষ্টা চলছে। উপকেন্দ্র নির্মাণের জন্য জমি ক্রয়ের প্রক্রিয়া চলমান। (প্রস্তাবিত পাগলা, চরমছলন্দ)। উত্তম গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বিকল্প ৩৩ কেভি সোর্স লাইন চালুর কাজ চলমান। লো-ভোল্টেজ সমস্যা সমাধানের জন্য গ্রাউন্ডিং করণ, ওভার লোডের কন্ডাক্টর পরিবর্তন করা , ক্যাপাসিটর স্থাপনের কাজ চলমান আছে। বর্তমানে গফরগাঁও জোনাল অফিসের গ্রাহক অভিযোগ নিরসন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ | ১। সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষে লাল/ উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সরবরাহ এর জন্য চারটি অভিযোগ কেন্দ্র রয়েছে। মশাখালী অভিযোগ কেন্দ্রটি চালুর প্রক্রিয়াধীন আছে। উক্ত অভিযোগ কেন্দ্রটি চালু হলে সহজেই অভিযোগ নিরসনসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা যাবে। সরসরি হুকিং, মিটার টেম্পারিং, সার্ভিস ড্রপ বাইপাস ইত্যাদি অবৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহারকারীদের সংযোগ বিচ্ছিন্ন করণসহ জরিমানা আদায় করা হচ্ছে। বিলিং অভিযোগ হ্রাস কল্পে যথাসময়ে সঠিকভাবে রিডিং আদায় এবং গ্রাহক প্রান্তে বিদ্যুৎ বিল পৌছানোসহ মিটার রিপোর্ট সঠিকভাবে প্রস্তুত ও বাস্তবায়ন করা হচ্ছে। গ্রাহক সংযোগ সম্ভাব্য লোড ও ভৌগলিক অবস্থা বিবেচনা করে স্বল্প মেয়াদী , মধ্য মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ করা হয়। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষ্যে লাল/উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। ৯০ দিনের উর্দ্ধে বকেয়া বিদ্যুৎ বিল হ্রাস করার লক্ষে বিল আদায়ের কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়াও বিদ্যুৎ লাইনের উপরে গাছের ডালপালা কর্তনের কাজ চলছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। সংশ্লিষ্ট সকলকে বকেয়া পরিশোধের জন্য অনুরোধ করেন। | |
| ২৪ | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি সেচ), সভায় জানান যে, উপজেলা সেচ তহবিল, গফরগাঁও হতে লাইসেন্স প্রদানের তদন্ত কি, সদস্যদেও সম্মানী, স্টেশনারী ও অন্যান্য বাবদ বিল উত্তোল করা হয়েছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি-সেচ) |
| ২৫ | উপসহকারী প্রকৌশলী পাট উন্নয়ন কর্মকর্তা, সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩ হাজার পাট চাষীদের মাঝে বীজ ও সার বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৬ | ইসলামিক ফাউন্ডেশন: ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষাকার্যক্রম,ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ২০২৩ শিক্ষা বর্ষে ২১৭টি কেন্দ্রের মধ্যে ০৮টি কেন্দ্র সঠিকভাবে পরিচালিত না করার কারণেকমিটির মাধ্যমে বাতিল করা হয়েছে। দূর্বল কেন্দ্র চিহ্নিত করার কাজ চলমান রয়েছে। সন্ত্রাস,জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার কার্যক্রম অব্যাহত রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার মসজিদ ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৭ | উপজেলা তথ্য কেন্দ্র: তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপাদের ডোর-টু-ডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রে মহিলাদের সেবা প্রদানের সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ:<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ।<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ।<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান।<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান।<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ।<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য www.laalsobuj.com মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসময়হ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। গ্রামীণ মহিলাদের বিভিন্ন অনলাইনে আবেদনে সহযোগীতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |
| ২৮ | চেয়ারম্যান (ইউপি সকল), সভায় বলেন যে, উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রদানকৃত বিভিন্ন ভাতাভোগীদের ভাতা উত্তোলনে বিরম্ভনা সৃষ্টি হচ্ছে এবং এক জনের ভাতা অন্য জন নিয়ে যাচ্ছে। এ জটিলতা নিরসনের জন্য উপজেলা সমাজসেবা অফিসার সকল ইউপি চেয়ারম্যানদেরকে নিয়ে পূর্বপরিকল্পনার জন্য আলোচনা করে প্রয়োজনীয় সমাধানের বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ২৯ | চেয়ারম্যান, সালটিয়া ইউপি সভায় জানান যে, সিজার করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানান। জনসাধারণের দৃষ্টি আকর্ষনের জন্য বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করার উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৩০ | চেয়ারম্যান, মশাখালী ইউপি সভায় জানান যে, রেললাইনের আংটা খুলে চুরির ঘটনায় ১৮৬টি আংটাসহ আটক করা হয়। আসন্ন রমজান উপলক্ষে দ্রব্য মূল্যের নিয়ন্ত্রণ রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মো: আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জানুয়ারি/২০২৪ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা।২। জনাব মো: আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও জানুয়ারি/২০২৪ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,০০০/-(নয় হাজার) টাকা। ৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জানুয়ারি/২০২৪ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,০০০/-(নয় হাজার) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জানুয়ারি/২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |

CS CamScanner

৫০

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিষদের সৌন্দর্য বৃদ্ধির জন্য মূল গেইটের সামনে কিছু গাছ রোপণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | গাছ রোপণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিষদ মূল গেইটের সামনে পাঁচটি গাছ মারা যাচ্ছে। গাছগুলো কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | গাছ কর্তনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, সভায় জানান যে, দ্রব্য মূল্য নিয়ন্ত্রনে বাজার মনিটরিং এবং বাজার মূল্য নিয়ন্ত্রণের জন্য মোবাইল কোর্ট পরিচালনার করার জন্য অনুরোধ জানান। | মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) |
| ০৫ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, সভায় জানান যে, এসএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠু হয়েছে। শেষ পরীক্ষার দিন অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে এ বিষয়ে অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা ও অফিসার ইনচার্জ, পাগলা থানাকে দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা/পাগলা থানা |
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, সমন্বয়ের মাধ্যমে সকল বিভাগীয় প্রধানগণ দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান। টিসিবি মালামাল সঠিকভাবে হতদরিদ্রদের মাঝে দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারগণ বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধির লক্ষে মনিটরিং বাড়াতে হবে। চলমান এসএসসি পরীক্ষা সুষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্নের জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ হয়েছে এ ধারা অব্যাহত থাকবে। সকল উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। দ্রুত উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সমন্বয়ের মাধ্যমে সরকার নির্দেশিত সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২। সরকারের সকল উন্নয়ন মূলক কাজ সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।<br>৩। শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৭ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, সভায় জানান যে, উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গফরগাঁওকে জানান টিউবওয়েলের মালামাল সঠিকভাবে যথাসময়ে পৌছানোর জন্য অনুরোধ জানান। ঠিকাদার কর্তৃক মটর সরবরাহের ক্ষেত্রে নিম্নমানের যেন না হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে। লেয়ার যেন যথাযথ স্থানে সঠিকভাবে হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও বিগত বছরের টিউবওয়েলগুলোর অবস্থা সম্পর্কে পরিদর্শনসহ প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ জানান। টিসিবি'র মালামাল যেন সঠিক সময়ে নির্ধারিত স্থানে দেয়া হয় সে ব্যবস্থা করতে হবে। বিতরণের আগের দিন ইউপি চেয়ারম্যানগণকে জানানোর জন্য অনুরোধ করেন। পুলিশের একার পক্ষে অনৈতিক ঘটনা বন্ধ করা সম্ভব নয়। সকলকেই পুলিশকে সহযোগীতা করতে হবে। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০২/২০২৪

(মো: আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২৪-২১৬/১(৬০)

তারিখ: ২৯.০২.২০২৪ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................... অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ..................................................................গফরগাঁও,ময়মনসিংহ।
১০। অফিস কপি।

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

CS CamScanner